ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৯৭

মোহনপুর, ২৩ এপ্রিল, ২০২৫

**বামুটিয়া ব্লকে ১.৮৩ হেক্টর জমিতে নতুন জলাশয়**

প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় গত অর্থবছরে মোহনপুর মহকুমার বামুটিয়া ব্লকে ১.৮৩ হেক্টর জমিতে নতুন জলাশয় খনন করা হয়েছে। এ যোজনায় ব্যয় হয়েছে ৮ লক্ষ ৩২ হাজার ৪৭৫ টাকা। এছাড়া এই যোজনায় ২২ জন মৎস্যচাষীকে ৩ হাজার ২০০টি করে রুই, কাতলা, মৃগেল মাছের পোনা বিতরণ করা হয়েছে। ব্যয় হয়েছে ৫৮ হাজার ৭৬০ টাকা। মোহনপুর মৎস্য তত্ত্বাবধায়কের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*******